

**সংবাদ বিজ্ঞপ্তি****নোবিপ্রবিতে জাতীয় বিতর্ক প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ‘৩য় নোবিপ্রবি ডিবেটিং সোসাইটি জাতীয় বিতর্ক প্রতিযোগিতা-২০২৪’ এর সমাপনী ও পুরস্কার বিতরণী আজ শনিবার (০১ জুন ২০২৪) বিশ্ববিদ্যালয়ের বীর মুক্তিযোদ্ধা হাজী মোহাম্মদ ইদ্রিস অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। নোবিপ্রবি ডিবেটিং সোসাইটির আয়োজনে দুই দিনব্যাপি অনুষ্ঠানের আজ শেষদিনে প্রধান অতিথি ছিলেন মাননীয় শিক্ষামন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী এম.পি। অনুষ্ঠানে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবি মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম। বিশেষ অতিথি ছিলেন মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর ও নোয়াখালী পৌরসভার মেয়র মো. সহিদ উল্লাহ খান।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় শিক্ষামন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী এম. পি বলেন, আমরা বিশ্ববিদ্যালয় পর্যায়ে যেসকল বিষয়ে পাঠগ্রহণ করছি সেসকল বিষয়কে শিক্ষকতা ব্যতিত সরাসরি কাজে লাগানোর সুযোগ কম। বিষয়ভিত্তিক জ্ঞানকে সরাসরি কাজে লাগানোর অন্যতম উপায় হলো নিজে করে বিতর্কের মতো সৃষ্টিশীল কাজে যুক্ত রাখা। এসময় তিনি আরো বলেন, যোগাযোগ সক্ষমতা তথা ভাষা দক্ষতার পার্থক্যের কারণে আমাদের চেয়ে উন্নত দেশের পেশাজীবীরা এগিয়ে যাচ্ছে। বিতর্কের মাধ্যমে যোগাযোগ সক্ষমতা বৃদ্ধির সুযোগ তৈরি হয়, ভাষার চর্চা আরো সমৃদ্ধ হয়। আর আমরা যে বিষয়েরই শিক্ষার্থী হই না কেন, আমরা যেন নিজেদের বাংলা এবং ইংরেজী উভয় ভাষাতেই দক্ষ করে গড়ে তুলি। সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

প্রধান পৃষ্ঠপোষক মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, নোবিপ্রবি ডিবেটিং সোসাইটির আয়োজনে দুই দিনব্যাপী প্রতিযোগিতার সমাপনী আজ উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে। আমাদের অত্যন্ত দক্ষ ও নিবেদিত বিতর্কিক দল আছে যাদের ঐকান্তিক প্রচেষ্টায় নোবিপ্রবি বিতর্কে সফলতার স্বাক্ষর রেখে যাচ্ছে। এর ফলশ্রুতিতে আমাদের টিম জাতীয় পর্যায়ে সেরা হওয়ার গৌরব অর্জন করে। এছাড়াও তিনি বলেন, সাংগঠনিক দক্ষতার বিবেচনায় বিশ্ববিদ্যালয়ের অন্যান্য সংগঠনের তুলনায় নোবিপ্রবি ডিবেটিং সোসাইটি অন্যতম। পরিশেষে আয়োজকদের ধন্যবাদ জানাই, জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী বলেন, আজকের এই অনুষ্ঠানের মাধ্যমে একটি বীজ বপন হলো। আগামী বছরেও এমন আয়োজন অব্যাহত থাকবে বলে মনে করছি। কালক্রমে নোবিপ্রবি ডিবেটিং সোসাইটি একদিন মহীরুহ হয়ে উঠবে এই আশাবাদ ব্যক্ত করছি। আয়োজকদের ধন্যবাদ জানাই, জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, মগজে দূর করি মননের কলঙ্ক- এই প্রতিপাদ্যকে সামনে রেখে আয়োজিত আজকের এই অনুষ্ঠানে যারা বিজয়ী হয়েছে তাদেরকে অভিনন্দন জানাচ্ছি। বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে যারা এসেছে তাদেরকে ধন্যবাদ এবং সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

বিশেষ অতিথি নোয়াখালী পৌরসভার মেয়র মো. সহিদ উল্লাহ খান বলেন, আজকের এই আয়োজনের জন্য নোয়াখালী পৌরসভার পক্ষ থেকে ধন্যবাদ জানাচ্ছি। ব্যক্তিগতভাবে আমি একজন শিক্ষানুরাগী। আমি অত্যন্ত খুশি হয়েছি জেনে যে, নোবিপ্রবি অনেক আগে থেকেই এ ধরনের অনুষ্ঠান আয়োজন করছে। আগামীতে এ ধরনের প্রোগ্রামে সর্বাত্মক সহযোগিতা করবো এই আশাবাদ ব্যক্ত করছি। সকলকে ধন্যবাদ জানাই। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

নোবিপ্রবি ডিবেটিং সোসাইটির সভাপতি নাজমুল ইসলামের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক তুর্জয় চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে এসময় অন্যান্যের মাঝে নোবিপ্রবি রেজিস্ট্রার, প্রক্টর, ডিবেটিং সোসাইটির মডারেটরগণ, কার্যনির্বাহী পরিষদের সদস্যবৃন্দ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিতর্কিকগণ, নোবিপ্রবি বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

‘মগজে দূর করি মননের কলঙ্ক’ শ্লোগানকে প্রতিপাদ্য করে আয়োজিত প্রতিযোগিতায় দেশের ৩২টি বিশ্ববিদ্যালয়ের বিতর্কিকরা অংশগ্রহণ করে। প্রথম দিনে চারটি পৃথক রাউন্ডে এদের মাঝে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। আজ প্রতিযোগিতার সমাপনী দিনে চূড়ান্ত বিতর্কে বিজয়ী হয় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিতর্কিক দল ও রানার্স আপ হয় আহছান উল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে আগত বিতর্কিক দল। অনুষ্ঠানে চূড়ান্ত প্রতিযোগী উভয় দল ও সেরাদের পুরস্কৃত করা হয়।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবাইলঃ ০১৭৩৩৯৯৮৮৭৪